গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

...৬৫২৮.০০১.০৮.০০২.২৩-৮৬০ (৪৫)

তারিখ: ০১/১০/২০২৩ খ্রিঃ।

## "সভার নোটিশ"

... ০৪/১০/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার দুপুর- ১২.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের মাসিক সভা উপজেলা ...ন অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব কৃষ্ণপদ ঘোষ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

01.10.2023
রুনু সাহা
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

প্রাপক :- ১। মেয়র, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
২। উপজেলা-......................................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ০৩/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
৩। চেয়ারম্যান, ..........................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।
৪। জনাব ....................................................................................................

অনুলিপি:

১। জেলা প্রশাসক, নড়াইল। সদয় অবগতির জন্য।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। সদয় অবগতির জন্য।
৩। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
৪। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

notice/214

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় : উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
তারিখ : ০৪/১০/২০২৩ খ্রিঃ।
সময় : বেলা-১১.৩০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি : কৃষ্ণপদ ঘোষ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ( পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বলেন, যে, গণতন্ত্রের মানসকন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব ও দিকনির্দেশনায় নিজস্ব অর্থায়নে স্বপ্নের পদ্মা সেতুসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ট্যানেল এর মত বৃহৎ অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গঠনে নানামুখী কার্যক্রম গৃহীত হয়েছে। এ সকল কার্যক্রম বাস্তবায়ন উপজেলা পর্যায়ে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ পর্যায়ে তিনি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভার কার্য পরিচালনার জন্য সকল সদস্যকে আহবান করেন। অতঃপর আলোচ্য সূচি মোতাবেক সভা পরিচালনার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ জানান।

০২। সভায় বিগত ................................ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : বিভাগীয় আলোচনার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কালিয়া উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভাপতিদের তাদের কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশগুলি এজেন্ডাভিত্তিক মাসিক সভায় উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করেন। এ ছাড়া তিনি সকল সদস্য ( ভোটিং ও নন-ভোটিং)-কে উপজেলা পরিষদ ম্যানুয়েল ভালোভাবে পড়ে তাদের দায়িত্ব সম্পর্কে জানার জন্য বিশেষভাবে পুনঃঅনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপির প্রথম কিস্তির বরাদ্দ পাওয়াগেছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর গৃহীত ৪টি প্রকল্পের টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, চলমান ২০২৩-২০২৪ অর্থ বছরের শুরুতে কালিয়া উপজেলার প্রতিটি ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ স্থানগুলো বাছাই করে উন্নয়নমূলক প্রকল্পের কাজ সরজমিনে তদারকির মাধ্যমে শতভাগ সচ্ছতার সহিত প্রকল্পের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া<br>গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া |
| ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। বাংলাদেশ গেজেট এস, আর, ও নং ১৩০-আইন/১২ বিধিমালা নির্দেশনা অনুযায়ী উপজেলার প্রতিটি করাত কল মালিকদের লাইসেন্সর জন্য আবেদন করতে হবে বলে জানান। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলার সকল করাত কলের লাইসেন্স করার ব্যবস্থা গ্রহণে ফরেষ্টার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দাপ্তরিক কাজ চলমান আছে। তিনি আরো বলেন সামনে এস, এস, সি পরীক্ষা আসন্ন। আসন্ন এস,এস,সি পরীক্ষায় অংশগ্রহণের জন্য সকল বিদ্যালয়ের শিক্ষার্থীদের টেস্ট পরীক্ষা সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলার সকল বিদ্যালয়ের শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়ন করার জন্য প্রয়োজনী পদক্ষেপ গ্রহণে এবং পরীক্ষাকেন্দ্র নকল মুক্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (কাবিখা/টিআর) প্রকল্পের কাজ চলমান আছে। উক্ত বরাদ্দের আলোকে গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নে তার দপ্তর সর্বদা সচেষ্ট রয়েছে বলে জানান। পাশাপাশি তার দাপ্তরিক কাজ চলমান আছে। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দসমূহের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে এবং শতভাগ স্বচ্ছতার সাথে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, এই বৎসর তার দপ্তর হতে কৃষদের মাঝে প্রণোদনা বাবদ হাইব্রিড | বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার কৃষকদের মাঝে সকল | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, |

| | | | |
|---|---|---|---|
| | ধানের বীজ বিতরণ করা হবে। উক্ত প্রণোদনা প্রদানের জন্য ইউনিয়ন চেয়ারম্যনগনের সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন বর্তমান সরকার ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি সরবরাহ করছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | কৃষি উপকরণ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | নড়াইল। |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, অত্র কার্যালয়ে ১৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখে যোগদান করেছেন। তিনি বলেন ডেঙ্গু মোকাবেলায় কালিয়া উপজেলার প্রতিটি ইউনিয়নের লোকজনের সচেতনতা বৃদ্ধি করতে হবে। যে সকল স্থানে পানি জমে থাকে সেখানে এডিস মশা ডিম পাড়ে। উক্ত স্থান গুলো থেকে পানি অপসারণের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ডেঙ্গু জ্বর মোকাবেলায় এডিস মশা নিধন কল্পে প্রতিটি ইউনিয়নে পানি জমে থাকা স্থান হতে পানি অপসারণের ব্যবস্থাসহ স্ব স্ব ইউনিয়ন চেয়ারম্যনদের তার ইউনিয়নের প্রতিটি পরিবারের সদস্যদের সচেতন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, কালিয়া উপজেলার অর্ন্তগত সকল ইউনিয়নে পরিবার কল্যাণ কেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি বলেন, কালিয়া উপজেলার অন্তর্গত মুক্ত জলাশয়ে বাঁধদিয়ে মৎস্য শিকারিরা মাছ ধরছে। মুক্ত জলাশয়ে বাঁধদিয়ে মাছ শিকার করা আইন-৩ দন্ডনীয় অপরাধ। তিনি আরো বলেন কারেন্ট জাল এবং চায়না জাল নিধনে তার দপ্তর সর্বদা সচেষ্ট রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | সভায় যে সকল ইউনিয়নে মুক্ত জলাশয়ে বাঁধ এবং পাটা দিয়ে মাছ ধরা বিরত করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। পাশাপাশি কারেন্ট জাল এবং চায়না জাল নিধনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনায় উপজেলা মৎস্য অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল |
| উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, প্রতি বছরের ন্যায় এ বছরও শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বই বিতরণ করা হবে। শিক্ষার মানোন্নয়নে তার দপ্তর সর্বদা সচেষ্ট রয়েছে। এছাড়া নতুন কারিকুলাম বিস্তরণ বিষয়ে প্রতিটি ইউনিয়নের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে শিক্ষার মানোন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশনের কাজ চলমান রয়েছে। যে সকল ভাতাভোগী লাইফ ভেরিফিকেশন করেন নাই তাদের নির্দিষ্ট সময়ের মধ্য লাইফ ভেরিফিকেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলার প্রতিটি ইউনিয়নের ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের মাধ্যমে চলতি মাসে ভ্রাম্যমান প্রশিক্ষণে ০৩টি ব্যাচে ৯০ জন যুব/যুব মহিলাকে পারিবারিক হাঁসমুরগী পালন, গরু মোটাতাজাকরণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে ১৫ জন পুরুষ এবং ৭৫ জন মহিলা অংশগ্রহণ করেছেন। চলতি মাস পর্যন্ত ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলাদের মাঝে ৩,৪০,০০০/- টাকা ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে আত্মকর্মসংস্থানের জন্য প্রতিটি ইউনিয়নের যুব/যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদানসহ উপজেলা যুব উন্নয়ন অফিসারকে তার দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনয়নে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর |
| উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তর হতে তিন মাস অন্তর দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ প্রদান করার কার্যক্রম চলমান আছে। পাশাপাশি কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, ভিডব্লিউবি কার্যক্রম চলমান রয়েছে। তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান- ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩৬৪ টি গভীর নলকূপের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। তিনি আরো জানান কালিয়া উপজেলার কিছু ইউনিয়নে সাব মার্সিবল পাম্পএর বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের টেন্ডারের কাজ চলমান আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত বিষয়গুলি যথাযথভাবে বাস্তবায়নের জন্য এবং দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনয়নে সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| | | অনুরোধ করা হয়। | |
| উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, জাতীয় সংসদ নির্বাচন আসন্ন। উক্ত নির্বাচনে ভোট গ্রহণের জন্য ভোট কেন্দ্রের তালিকা প্রস্তুত করা হচ্ছে। পাশাপাশি জাতীয় নির্বাচন শান্তিপূর্ণ ভাবে পরিচালনার জন্য তার মন্ত্রণালয়ে নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম এবং আসন্ন জাতীয় নির্বাচনে ভোটকেন্দ্রের তালিকা সংক্রান্ত সকল বিষয় সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনার জন্য উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে আবারো অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা প্রানিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান তার দপ্তর হতে ৬,৩০০টি গবাদি পশুর টিকা দান কার্যক্রম চলমান আছে। পাশাপাশি হাঁস-মুরগীর টিকা, গবাদি পশুর চিকিৎসা, পোষা প্রাণির চিকিৎসা, খামারী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | সভার পক্ষ হতে দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনয়নে উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রানিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-১ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ২৪/০৭/২০২৩ খ্রিঃ তারিখের বিবিধ অনুচ্ছেদের সিদ্ধান্তের আলোকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের মেরামতের জন্য ২,০০,০০০/- ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি বলেন গৃহীত প্রকল্পের কাজ ইতমধ্যে সম্পন্ন হয়েছে। এ প্রকল্পের সভাপতিকে বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন মেরামতের কাজ সমাপ্ত হওয়ায় উক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি জনাব মোল্যা মাহাবুর রহমান, চেয়ারম্যান, ০৫নং সলামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল বরাবর গৃহীত প্রকল্পের ব্যয় পরিশোধের ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।<br>৩। উপজেলা প্রকৌশলী, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-২ | চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের জীপ গাড়িটির টুকিটাকি যন্ত্রাংশ মেরামত না করলে যে কোন সময় গাড়িটি দূর্ঘটনার সম্মুখীন হতে পারে। এমতাবস্থায় গাড়ীটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, প্রতি অর্থ বছরে যানবাহন মেরামত খাতে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার বিধান আছে। ইতপূর্বে উক্ত খাত হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে। অবশিষ্ট ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা যাবে এবং সে পরিমাণ অর্থ তহবিলে স্থিতি আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা উপজেলা পরিষদের জীপ চালক জনাব রাসেল শেখের আবেদনের প্রেক্ষিতে জীপ গাড়িটি টুকিটাটি মেরামত ব্যয় ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে গাড়িটি মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-৩ | সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, চলতি বর্ষা মৌসুমে উপজেলা পরিষদের অভ্যন্তরে আবাসিক এবং অনাবাসিক এলাকায় প্রচুর পরিমাণে ঝোপঝাড় জন্মেছে। যার ফলে ডেঙ্গু জ্বরের জীবানু বহনকারী এডিস মশার উপদ্রব বৃদ্ধি পাচ্ছে। ফলে পরিষদে অবস্থানরত সকল সদস্যের ডেঙ্গু জ্বরে আক্রান্ত হবার প্রবণতা বাড়ছে। এ প্রেক্ষিতে পরিষদের অভ্যন্তরের সকল ঝোপঝাড় পরিষ্কার পরিচ্ছন্ন করার প্রস্তাব করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরের ঝোপঝাড় , ভবনের ছাদের উপরের গাছের ডাল কর্তন করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। কাজগুলি দ্রুত সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের অভ্যন্তরের বাসিন্দাদের মশা বাহিত রোগের কবল হতে রক্ষা করার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কৃষ্ণপদ ঘোষ)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৩-৫৪৮ (৫০) তারিখ: ০৪/১০/২০২৩ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ৯৩ নড়াইল-১।
৩। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক,নড়াইল।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।

৮। উপজেলা ......................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
১০। চেয়ারম্যান,.......................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

04.10.2023
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

## "পরিশিষ্ট-ক"

বিষয় ঃ উন্নয়ন সমন্বয় কমিটির সভার ০৪/১০/২০২৩ খ্রি. তারিখে উপস্থিতির হাজিরা।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল | স্বাক্ষর অস্পষ্ট |
| ০২ | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৩ | চেয়ারম্যান, ৩ নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৪ | চেয়ারম্যান, ৪নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৫ | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৬ | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৭ | চেয়ারম্যান, ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৮ | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৯ | চেয়ারম্যান, ১১ নং পেড়লী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১০ | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১১ | উপজেলা কৃষি কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১২ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৩ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৪ | অফিসার ইনচার্জ, কালিয়া থানা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৫ | অফিসার ইনচার্জ, নড়াগাতী থানা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৬ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৮ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৩ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৫ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৬ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৭ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৯ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩০ | ইন্সট্রাক্টর,উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩১ | ফরেষ্টার,উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩২ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, কালিয়া, নড়াইল | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৩ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়া | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৪ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল | স্বাক্ষর অস্পষ্ট |

04.10.2023

কনু সাহা

উপজেলা নির্বাহী অফিসার

কালিয়া,নড়াইল।